



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

অমর একুশে গ্রন্থমেলা ২০১৯-এ
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত চারটি গ্রন্থের মোড়ক উন্মোচন
অনুষ্ঠিত



অমর একুশে গ্রন্থমেলা ২০১৯-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত চারটি গবেষণধর্মী গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠান ২৮ ফেব্রুয়ারি-২০১৯, বৃহস্পতিবার, বিকাল ৫টা গ্রন্থমেলায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্টল (স্টল # ১৫) সম্মুখে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে গ্রন্থসমূহের মোড়ক উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

মোড়ক উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস, সংশ্লিষ্ট গ্রন্থসমূহের লেখক এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ।



গবেষণাধর্মী প্রকাশিত গ্রন্থসমূহ হচ্ছে বাংলা বিভাগের অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস এর ‘মাহমুদুল হকের কথাসাহিত্য: বিষকুস্তে জীবন’, ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোস্তফা কামাল এর ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ধর্মনিরপেক্ষ ভাবনা’ ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম এর ‘ইসলামের দৃষ্টিতে মানবতার বিরুদ্ধে অপরাধের বিচার’ এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আবু সালেহ সেকেন্দার এর ‘বাংলা কোচবিহার সামরিক ইতিহাস (১২০৪-১৫৭৬)’।

উল্লেখ্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ের রূপদানের লক্ষ্যে ২০১৭ সালে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষকদের গবেষণাধর্মী পান্ডুলিপি প্রকাশের উদ্যোগ গ্রহণ করে। এরই ধারাবাহিকতায় প্রথমবার পাঁচটি, এবার চারটি গ্রন্থ প্রকাশ করেছে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আর কয়েকটি গবেষণাধর্মী গ্রন্থ অতিশীঘ্রই প্রকাশিত হবে।